ভোরের কাগজ

তারিখ ...JUL. 31 1999
পৃষ্ঠা ৭২ কলাম ৬

40

দিনু বাবু হত্যা মামলা

# বগুড়ায় এক শিক্ষিকাকে নজরে রেখেছে পুলিশ

**বগুড়া প্রতিনিধি :** বিশিষ্ট ব্যবসায়ী ওম প্রকাশ পোদ্দার ওরফে দিনু বাবুর বস্তাবন্দী লাশ উদ্ধারের ৫ দিন অতিবাহিত হলেও নতুন কেউ গ্রেপ্তার হয়নি। তবে দিনু অপহরণে ঘটনার সন্দেহভাজন কার্টনারপাড়াস্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা লুৎফন্নেছা ওরফে নূরজাহানের গা ঢাকা দেওয়ার অভিযোগ সিআইডি পুলিশ নাকচ করে দিয়ে বলেছে যে, সে তাদের নজরেই আছে।

গত ২০ জুন সন্ধ্যায় সিআইডি তাদের অফিসে ঐ শিক্ষিকাকে ডেকে এনে জিজ্ঞাসাবাদ করে। এরপর ঐ রাতেই তারা তার বাবা সোনাতলার বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ আব্দুল লতিফ আকন্দের জিম্মায় দেওয়া হয়েছে। তার বাবা বগুড়া পৌরসভার একজন ওয়ার্ড কমিশনার এই সুরৎহালনামায় সাক্ষী হিসেবে স্বাক্ষর করেছেন।

মামলার তদারককারী কর্মকর্তা বলেছেন, নূরজাহান অভিযুক্ত হলে অবশ্যই তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।